



# ঝালকাঠি পৌরসভা কার্যালয়

## ঝালকাঠি।

স্থাপিত: ১৮৭৫ ইং

www.jhalokathimunicipality.gov.bd

ফোনঃ

মেয়রঃ ০২৪৭৮৮৭৫৭৪৮

প্রঃনিঃকঃ ০২৪৭৮৮৭৫১৮০

সিঃপ্রঃকঃ ০২৪৭৮৮৭৫৫২০

পৌঃনিঃকঃ ৪০২৪৭৮৮৭৫৯৫৪

Email: mayorjhl@yahoo.com



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং ঝাল/পৌর/প্রকৌ/ ২০২৪/

তারিখ: ২১ /০৩/২০২৪ খ্রি:

প্রাপক,

প্রধান প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
কাকরাইল, ঢাকা।

বিষয়: ঝালকাঠি পৌর এলাকার জন্য ০৪(চার)টি উৎপাদক নলকূপ পুনঃস্থাপন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ঝালকাঠি পৌরসভা ১৮৭৫ ইং সনে প্রতিষ্ঠিত হয়। ১৯৮৬-৮৭ অর্থ বৎসরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ০২ (দুই) টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়। যার একটি সচল ছিল, অন্যটি হাউজিং এ সমস্যার থাকায় চালু করা যায়নি। পরবর্তীতে ১৮ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ০৫ (পাঁচ) টি ও ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ০৯ (নয়) টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়। উক্ত উৎপাদক নলকূপ গুলোর মধ্যে ০২(দুই) টি উৎপাদক নলকূপ পর্যাপ্ত পানি উত্তোলন করা যাচ্ছেনা, পাম্প চালু করার স্বল্প সময়ের মধ্যে হাউজিং ০২ টি শুকিয়ে যাচ্ছে। তাছাড়া ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় স্থাপিত ০৯ (নয়) টি উৎপাদক নলকূপের মধ্যে ০২ টি উৎপাদক নলকূপ লবনাক্ততা দেখা দিয়েছে। ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় স্থাপিত ০২ টি উৎপাদক নলকূপের মধ্যে ০১টি উৎপাদক নলকূপ পুনঃস্থাপনের টেন্ডার আহ্বান করা হয়েছিল। কিন্তু ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় উক্ত উৎপাদক নলকূপ স্থাপন করা হয়নি। এমতাবস্থায় ঝালকাঠি পৌর এলাকায় তীব্র পানি সংকট দেখা দিয়েছে। নিম্নে ০৪ টি উৎপাদক নলকূপের বিবরণ দেওয়া হলো।

ক্র:নং	উৎপাদক নলকূপের স্থান	অবস্থান		প্রকল্পের নাম	স্থাপনের সন	উৎপাদক নলকূপের সমস্যা	চাহিদা	মন্তব্য
		অক্ষাংশ	দ্রাঘিমাংশ					
০১	কাঠপাট্রি কে,টি, স্কুল সংলগ্ন উৎপাদক নলকূপ	২২.৬৩৭৬৬৮	৯০.১৯২৯১৫৯	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে স্থাপিত	১৯৮৬	পাম্প চালু করার স্বল্প সময়ের মধ্যে হাউজিং শুকিয়ে যাচ্ছে	পুনঃস্থাপন	জরুরী ভিত্তিতে পুনঃস্থাপন করা প্রয়োজন
০২	কাঠপাট্রি ওভার হেড ট্যাংক সংলগ্ন উৎপাদক নলকূপ	২২.৬৩৬৫৭২	৯০.১৯৩০৭২	১৮ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্প	১৯৯৪	পাম্প চালু করার স্বল্প সময়ের মধ্যে হাউজিং শুকিয়ে যাচ্ছে	পুনঃস্থাপন	
০৩	পৌরসভা কম্পাউন্ড সংলগ্ন উৎপাদক নলকূপ	২২.৬৩৮৮৮৬	৯০.১৯৯৬৮৬	৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্প	২০১৫	লবনাক্ততা	পুনঃস্থাপন	
০৪	ঝালকাঠি বাসষ্টান্ড সংলগ্ন উৎপাদক নলকূপ	২২.৬৪২৪৪৪	৯০.২১০৭২	৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্প	২০১৫	লবনাক্ততা	পুনঃস্থাপন	পুনঃস্থাপনের টেন্ডার আহ্বান করা হয়েছিল

এমতাবস্থায় অগ্রাধিকার ভিত্তিতে ০৪(চার)টি উৎপাদক নলকূপ পুনঃস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত

( আলহাজ্ব মোহাম্মদ লিয়াকত আলী তালুকদার)

মেয়র

ঝালকাঠি পৌরসভা।

তারিখ: ২১ /০৩/২০২৪ খ্রি:

স্মারক নং- ঝাল/পৌর/প্রকৌ/২০২৪/২১/৩(৫)

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হল:

- ০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঝালকাঠি পৌরসভা।
- ০২। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝালকাঠি।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি পৌরসভা।
- ০৪। পৌর নির্বাহী কর্মকর্তা, ঝালকাঠি পৌরসভা।
- ০৫। সহকারী প্রকৌশলী (পানি সরবরাহ) ঝালকাঠি পৌরসভা।
- ০৫। অফিস নথি।

মেয়র

ঝালকাঠি পৌরসভা।